

## হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আদুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩১. বিশুদ্ধ হাদীসের সুস্পষ্ট বিরোধী কথাবার্তা

কুরআন ও হাদীসের শিক্ষা হলো, আখিরাতের মুক্তি নির্ভর করে কর্মের উপর, নাম বা বংশের উপর নয়। অনুরূপভাবে কর্মের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ কর্ম হলো ফরয, যা করা অত্যাবশক ও হারাম যা বর্জন করা অত্যাবশক। এরপর ওয়াজিব, সুন্নাত, মুসতাহাব ইত্যাদি কর্ম রয়েছে। সমাজে অনেক কথা প্রচলিত রয়েছে যা এ ইসলামী শিক্ষার স্পষ্ট বিরোধী। সনদ বিচারে সেগুলো দুর্বল বা জাল বলে প্রমাণিত। তবে সনদ বিচার ছাড়া শুধু অর্থ বিচার করলেও এর জালিয়াতি ধরা পড়ে।

যেমন, অনেক হাদীসে সামান্য মুস্তাহাব কর্মের পুরস্কার বা সাওয়াব হিসাবে বলা হয়েছে, এ কর্ম করলে তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না বা তাকে জাহান্নাম থেকে মুক্তি দেওয়া হবে... ইত্যাদি। অনুরূপভাবে মুহাম্মাদ বা আহমাদ নাম হওয়ার কারণে তাকে জাহান্নাম থেকে মুক্তি দেয়া হবে। এ প্রকারের সকল হাদীস বানোয়াট ও ভিত্তিহীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4750

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন